মিয়ানমার থেকে যুদ্ধফেরত আরসা সদস্য গ্রেপ্তার, দুটি রাইফেল ও ৫০ রাউন্ড গুলি উদ্ধার

এম ইউ আর মাসুদ, কক্সবাজার – কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পে মিয়ানমার থেকে যুদ্ধফেরত এক আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির (আরসা) সদস্যকে গ্রেপ্তার করেছে এপিবিএন। এ সময় তার কাছ থেকে ৫০ রাউন্ড গুলিসহ দুটি রাইফেল উদ্ধার করা হয়।

রবিবার (১৪ জুলাই) দিবারাত দেড় একটার দিকে ২০ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের এম-৩৫ ব্লকের সাব মাঝি নূর আলমের চায়ের দোকান সংলগ্ন বাঁশের ব্রিজের ওপর থেকে তাকে আটক করা হয়।

আটক আরসা সদস্য মোহাম্মদ ইলিয়াস (২৬) উখিয়ার ১১ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের এ-১৫ সাব ব্লকের বাসিন্দা মৃত হাসান আহমদের ছেলে।

রোহিঙ্গা ক্যাম্পে আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত ১৪ আর্মড পুলিশ ব্যাটালিয়নের অধিনায়ক (অতিরিক্ত ডিআইজি) মো. ইকবাল বলেন, সম্প্রতি মিয়ানমারের গৃহযুদ্ধ থেকে ফেরত একজন আরসা সন্ত্রাসীকে দুটি রাইফেল ও ৫০ রাউন্ড গুলিসহ আটক করা হয়। তাকে অস্ত্র-গুলিসহ থানায় হস্তান্তর করা হবে।

উখিয়া থানার ওসি শামীম হোসেন বলেন, তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়ের করা হবে।